

🔳 আল-জাসিয়া | Al-Jathiya | ٱلْجَاثِيَة

আয়াতঃ ৪৫: ৭

💵 আরবি মূল আয়াত:



দুর্ভোগ প্রত্যেক চরম মিথ্যুক পাপাচারীর জন্য! — আল-বায়ান ধ্বংস প্রত্যেক মিথ্যাবাদী পাপাচারীর জন্য — তাইসিরুল দুর্ভোগ প্রত্যেক মিথ্যাবাদী পাপীর। — মুজিবুর রহমান Woe to every sinful liar — Sahih International

৭. দুর্ভোগ প্রত্যেক ঘোর মিথ্যাবাদী পাপীর(১),

(১) কোন কোন বর্ণনা থেকে জানা যায় যে, এই আয়াত নদর ইবনে হারেছ সম্পর্কে অবতীর্ণ হয়েছে, কোন কোন বর্ণনা থেকে হারেছ ইবন কালদাহ সম্পর্কে, আবার কোন এক বর্ণনা থেকে আবু জাহল ও তার সঙ্গীদের সম্পর্কে অবতীর্ণ হওয়ার কথা জানা যায়। আয়াতের উদ্দেশ্য ব্যাখ্যা করার জন্য প্রকৃতপক্ষে কোন ব্যক্তি বিশেষকে নির্দিষ্ট করার প্রয়োজন নেই। 丛 শব্দ ব্যক্ত করছে যে, যে কেউ এসব বিশেষণে বিশেষিত, তার জন্যই দুর্ভোগ- একজন হোক অথবা তিন জন। [কুরতবী, বাগভী]

তাফসীরে জাকারিয়া

(৭) দুর্ভোগ প্রত্যেক ঘোর মিথ্যাবাদী মহাপাপীর, [1]

[1] كَذَّابِ (চরম মিথ্যুক) আর أَثِيْمٍ অর্থ, বড় পাপী। وَيُلٌ মানে ধ্বংস অথবা জাহান্নামের একটি উপত্যকার নাম।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4480

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন